



হাদিকে নিয়ে সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ছাড়লেন এয়ার অ্যান্ডালুগ্লেন্স



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদিকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হয়েছে। হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে বহনকারী এয়ার অ্যান্ডালুগ্লেন্স ইতোমধ্যেই উড্ডয়ন করেছে। সিঙ্গাপুর পৌঁছতে সময় লাগবে প্রায় সাড়ে তিন ঘণ্টা।

বিমানে দুইজন বিশেষজ্ঞ ডাক্তার ও নার্স থাকছেন, যারা হাদির চিকিৎসার তদারকি করছেন। গত দুই দিনেও তার স্বাস্থ্যে উল্লেখযোগ্য উন্নতি হয়নি। বর্তমানে তিনি আশঙ্কাজনক অবস্থায় এভারকেয়ার হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন। চিকিৎসকরা জানিয়েছেন, ব্রেন স্ট্রোকে আঘাত ও মস্তিষ্কের ফোলাভাবের কারণে হাদির রক্তচাপ ওঠানামা করছে এবং হার্টবিট কিছুটা দ্রুত।

মেডিকেল টিমের তত্ত্বাবধানে তার রক্তচাপ ও হৃদযন্ত্রের স্থিতিশীলতা বজায় রাখতে প্রয়োজনীয় সব ব্যবস্থা চালু রয়েছে। রোববার সন্ধ্যায় সংগঠনের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের এবং রাতে প্রধান উপদেষ্টার প্রেস উইং এ তথ্য নিশ্চিত করেছেন।